# মডেল প্রশ্ন—৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান— ১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ। (৪০টি থাকবে। তন্মধ্যে ৩০টি হবে যোগ্যতাভিত্তিক।) ১×৪০=৪০

১. রিফাত একটি সুন্দর শোকেস অটবির শোরুম থেকে নিয়ে আসল। এটা দেখে নোমান জিজ্ঞেস করল এটি কে তৈরি করেছে? উত্তরে রিফাত বলল—
ক. মহান আল্লাহ খ. ফেরেশতা গ. কাঠমিস্ত্রি ঘ. রাজমিস্ত্রি

২. আল্লাহ তায়ালার গুণাবলি সম্পর্কে নির্ভুল জ্ঞান দান করা হয়েছে—
ক. ফেরেশতাদেরকে খ. নবি-রাসুলদেরকে
গ. আলেমদেরকে ঘ. বিজ্ঞানীদেরকে

৩. রহমতে ইসলামের সরল সহজ পথে চলতে চায় কিন্তু একটি বিষয় সম্পর্কে সার্বিক জ্ঞান না থাকার কারণে তা সম্ভব হচ্ছে না। বিষয়টি কী?
ক. আল্লাহ তায়ালার গুণাবলি খ. কুরআনের আদেশ
গ. ধর্মীয় বাধ ঘ. আরবি ভাষা

৪. সুমি একদিন দেখতে পায় নদীনালা, খালবিল ও সাগরের পানি জলীয় বাষ্পে পরিণত হচ্ছে কিন্তু সে জানেনা কীসের প্রভাবে এরূপ হচ্ছে। এক শিক্ষককে জিজ্ঞেস করা হলে তিনি বলেন—
ক. এক ফেরেশতার কর্মকাণ্ডে খ. সূর্যের তাপে
গ. আকাশের তারার প্রভাবে ঘ. প্রকৃতির টানে

৫. পরিবেশ সুন্দর করার জন্য একটি সরকারি রাস্তায় রহমত সাহেব অনেকগুলো গাছ লাগান। গাছগুলো অনেক বড় হয়েছে। গত কয়েকদিন পূর্বে একদল উশৃঙ্খল লোক গাছগুলো কেটে ফেলে। এ দৃশ্য দেখে কয়েকজন লোক বললেন, এ লোকগুলোর মধ্যে অভাব রয়েছে—
ক. দেশপ্রেমের খ. ইমানের গ. সম্মানের ঘ. দয়ার

৬. ডাক্তার এক রোগীকে বিশুদ্ধ পানি ব্যবহার করতে বললেন। ডাক্তার কোন পানিকে বিশুদ্ধ বলতে পারেন?
ক. পুকুরের পানিকে খ. বিলের পানিকে
গ. সাগরের পানিকে ঘ. নলকূপের পানিকে

৭. কোনটি গণনা করে শেষ করা যায় না?
ক. গাছের পাতা খ. পশুপাখি গ. আল্লাহর নিয়ামত ঘ. কীটপতঙ্গ

৮. মিহরাব একটি পাপের কাজ করে ফেলে। কিন্তু সে জানে না, কে তাকে প্ররোচনা দিয়েছে। মাকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন—
ক. বন্ধু খ. শয়তান গ. একটি জিন ঘ. একটি ভূত

৯. আবির ক্লাসে উশৃঙ্খল আচরণ করে, শিক্ষক তাকে শাস্তি দেওয়ার কথা বললে সে শিক্ষকের সাথে অসৌজন্য ব্যবহার করে। তারপরও শিক্ষক তাকে কোনো শাস্তি দিলেন না। শিক্ষকের এ আচরণটিতে মহান আল্লাহর কোন গুণ ফুটে ওঠেছে?
ক. সর্বশক্তি খ. সহনশীলতা গ. ক্ষমাশীলতা ঘ. নম্রতা

১০. রকি সামিকে এমন একটি কথা বলল, যা আর কেউ শোনেনি, কিন্তু রুমির দাবি হলো আর একজন শুনেছেন। রুমির দাবী মতে কে শুনেছেন?
ক. একজন জিন খ. একজন ফেরেশতা গ. একটি পাখি ঘ. মহান আল্লাহ

১১. শিক্ষক বললেন, জলীয় বাষ্পই বৃষ্টি হয়ে ঝরে পড়ে। সানি বলল, কীভাবে? এর উত্তরে শিক্ষক বললেন—
ক. বাতাসে উড়লে খ. গরম হলে গ. ঠাণ্ডা হলে ঘ. পাতলা হলে

১২. নূরী মহান আল্লাহ যা যা করতে বলেছেন তা করে, আর যা যা করতে নিষেধ করেছেন তা থেকে বিরত থাকে— নূরীর এ কাজটি কী হিসেবে গণ্য করা যায়?
ক. সৌজন্য খ. প্রশংসনীয় গ. ইবাদত ঘ. নবুওয়াত

১৩. রাস্তায় একটি কাঁটাদার কিছু দেখতে পেয়ে নানু নাতনিকে বললেন, ওটা সরিয়ে দাও! নানুর আদেশ মতে নাতনি এ কাজটি করল। নাতনির এ কাজটি হতে পারে—
ক. বাজে কাজ খ. নোংরা কাজ গ. পবিত্র কাজ ঘ. ইবাদত

১৪. শিক্ষক তোমাকে একটি সূরা তিলাওয়াত করতে বললেন? তুমি শুদ্ধ করে তিলাওয়াত করতে পারলে না। এখন তোমার কী হবে?
ক. কিছুই হবে না খ. পাপ হবে গ. বিপদ হবে ঘ. ইমান নষ্ট হবে

১৫. ধর, তোমাদের এলাকায় মুসলমান, হিন্দু, বৌদ্ধ ও অন্যান্য মতাদর্শের লোকের বসবাস। তোমরা একত্রে মিলেমিশে বসবাস করতে চাও। এটা করা হলে মহানবি (স.)-এর কোন চুক্তিকে অনুসরণ করা হতে পারে?
ক. হিলফুল ফুযুল খ. হুদায়বিয়ার সন্ধি
গ. মদিনার সনদ ঘ. আকদুল মুআখাত

১৬. আতিকের দাদু বৈজ্ঞানিক। আতিক তার দাদুকে জিজ্ঞেস করে, আপনি কী গভীর অন্ধকারে জীবাণুর মতো ক্ষুদ্র পোকার নড়াচড়া দেখতে পান? দাদু বলেন, না তবে মহান আল্লাহ তায়ালা দেখতে পান। এ গুণের জন্য তাঁকে বলা হয়—
ক. আল্লাহ বাসীরুন খ. আল্লাহ সামীউন
গ. আল্লাহ কাদীরুন ঘ. আল্লাহু নুরুন

১৭. আমরা মহান আল্লাহর গুনে গুণান্বিত হব। তাঁর গুণে গুণান্বিত হওয়ার সুফল হলো—
ক. সুন্দর হওয়া যায় খ. ধনী হওয়া যায়
গ. ক্ষমতাবান হওয়া যায় ঘ. চরিত্র ভালো হয়

১৮. গাছপালা আমাদের অক্সিজেন দান করে। এইগাছপালা মাটি থেকে কী চুষে নেয়?
ক. রস খ. বিষাক্ত পদার্থ গ. পানি ঘ. উপকারী পদার্থ

১৯. আল্লাহ তায়ালা কাদেরকে মানুষের আজ্ঞাবহন করে দিয়েছেন?
ক. সব সৃষ্টিকে খ. ফেরেশতাদেরকে
গ. জিনপরীদেরকে ঘ. শয়তানকে

২০. কারো ক্ষতি করতে চাইলে কেউ তাকে রোধ করতে পারবে না?
ক. জিনপরী খ. ফেরেশতা গ. শয়তান ঘ. আল্লাহ

২১. আমরা আল্লাহর ইবাদত করলে তিনি অনেক খুশি হন। আমরা কখন আল্লাহ তায়ালার আদেশমতো ইবাদতে মশগুল থাকব?
ক. একবেলা খ. পাঁচবেলা গ. যখন ইচ্ছা তখন ঘ. সবসময়

২২. কীভাবে ঘুমালে নিদ্রার সময়টুকুও আল্লাহ তায়ালার ইবাদতের মধ্যে গণ্য হবে?
ক. কাত হয়ে খ. উপুর হয়ে
গ. পাক-পবিত্র হয়ে আল্লাহ তায়ালার নাম নিয়ে ঘ. মশারি টাঙিয়ে

২৩. শয়তান আমাদের চিরশত্রু। কোনটিকে শয়তানের কারখানা বলা যায়?
ক. ক্রোন্দমন খ. অপবিত্র মন গ. পাপিষ্ট মন ঘ. চুরির মন

২৪. আল্লাহ তায়ালার নিকট বান্দার আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম কী?
ক. হজ খ. যিক্‌র গ. সালাত ঘ. ওযু

২৫. কোনটি বান্দার মনে আল্লাহর বিধানমতো চলার অনুপ্রেরণা জোগায়?
ক. পবিত্রতা খ. সালাত গ. ইবাদত ঘ. দোয়া

২৬. কোনটি বাদ পড়লে সাহু সিজদাহ দিতে হয়?
ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নত ঘ. নফল

২৭. এশার সালাত আদায়ের পর কোন সালাত আদায় করতে হয়?
ক. আওয়াবিন খ. ইশরাক গ. দোহা ঘ. বিতর

২৮. কোন সালাতে তৃতীয় ও চতুর্থ রাকআতে সূরা ফাতিহার পর অন্য কোনো সূরা মেলাতে হবে না?
ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নত ঘ. নফল

২৯. নিচের কোনটি সালাতের আরকান?
ক. কিবলামুখী হওয়া খ. কেয়াম গ. তাশাহহুদ পড়া ঘ. নিয়ত করা

৩০. দিহান নামাযের সকল ওয়াজিব পালন করে। ওয়াজিব মানে—
ক. অতি গুরুত্বপূর্ণ খ. বেশি পুণ্যময়
গ. বর্জনীয় ঘ. অবশ্য করণীয়

৩১. কীভাবে সালাত আদায় করলে জীবিকার অভাব দূর হয়?
ক. দাঁড়িয়ে দাঁড়িয়ে খ. সময়মতো
গ. জামাআতের সাথে ঘ. রাত জেগে

৩২. সূরা কুরাইশে কয়টি আয়াত রয়েছে?
ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ৭টি

৩৩. যে ব্যক্তি বিনা ওজরে সাওম পালন করবে না সে কী হবে?
ক. কাফির খ. গুণাহগার গ. বেয়াদব ঘ. বহিষ্কৃত

http://teachingbd.com

৩৪. সাওম পালনের মূল উদ্দেশ্য হলো–
ক. কম খাওয়ার অভ্যাস করা খ. সওয়াব অর্জন
গ. তাকওয়া অর্জন ঘ. গরিবদের কষ্ট অনুভব করা

৩৫. জিহ্বার গোড়ার তালু সাথে লাগিয়ে উচ্চারিত হয়–
ক. ذ খ. ح গ. ق ঘ. خ

৩৬. সাওমকে কোন ভাষায় রোযা বলে?
ক. আরবি খ. হিন্দি গ. উর্দু ঘ. ফারসি

৩৭. কুরআন মজিদে কতজন নবির নাম উল্লেখ রয়েছে?
ক. ৭৫ জন খ. ৫০ জন গ. ৩৫ জন ঘ. ২৫ জন

৩৮. আবু লাহাবের দাসী কে?
ক. জমিলা খ. সোয়েবা গ. সুফিয়ান ঘ. এক বেদইন নারী

৩৯. হেরা গুহায় ধ্যানে মগ্ন থাকা অবস্থায় মহানবি (স.)-এর নিকট সর্বপ্রথম যে পাঁচটি আয়াত নাজিল হয়েছিল সেগুলো কোন সূরায় রয়েছে?
ক. সূরা বাকারায় খ. সূরা আর রহমানে গ. সূরা আলাকে ঘ. সূরা মরিয়মে

৪০. নবুওয়তের কোন সনে মহানবি (স.) মিরাজে গিয়েছিলেন?
ক. ২৫তম খ. ১৫দশ গ. দ্বাদশ ঘ. একাদশ

২। শূন্যস্থানে প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লিখ। (১০টি থাকবে এবং ১০টিরই উত্তর দিতে হবে।) ১×১০ = ১০

ক. ইমানের ———— হলো মানুষকে আল্লাহর অনুগত বান্দা হিসেবে গড়ে তোলা।
খ. আমাদের চারদিকেই ছড়িয়ে রয়েছে আল্লাহ তায়ালার অসংখ্য সৃষ্টি, যা তাঁর ———— নিদর্শন।
গ. হজের ফরজ–।
ঘ. আল্লাহ তায়ালার আনুগত্যের নামই হচ্ছে ————।
ঙ. আল্লাহর ইবাদতের জন্য ———— থাকা প্রয়োজন।
চ. সালাতের মাধ্যমেই আল্লাহর প্রতি বান্দার চরম — প্রকাশ পায়।
ছ. সাওমকে ———— ঢাল বলা হয়েছে।
জ. ক্ষমা করা মানুষের ———— দায়িত্ব।
ঝ. জিহ্বার অগ্রভাগের পিঠ তালুর সাথে লাগিয়ে উচ্চারিত হয় —।
ঞ. হিজরত অর্থ —।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লিখ। (১০টি থাকবে এবং ১০টিরই উত্তর দিতে হবে।) ১×১০=১০

ক. 'রব' শব্দের অর্থ কী?
খ. আমরা একমাত্র কার আনুগত্য করব?
গ. হজের ফরজ কয়টি?
ঘ. মসজিদে আকসা কোথায় অবস্থিত?
ঙ. সাওমের বহুবচন কী?
চ. ইসলামের দ্বিতীয় খলিফা কে?
ছ. আরবি হরফ উচ্চারণের স্থানকে কী বলে?
জ. গুন্নাহর হরফ কয়টি?
ঝ. সূরা মাউনের আয়াত কয়টি?
ঞ. পৃথিবীর প্রথম মানব কে?

৪। ক, খ, গ ও ঘ নং প্রশ্নসহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর দাও। (১০টি থাকবে তন্মধ্যে ৮টির উত্তর দিতে হবে। ৪টি যোগ্যতাভিত্তিক হবে।) ৫×৮=৪০

ক. জাহান্নামে মানুষ কী ধরনের শাস্তি ভোগ করবে?
খ. আল্লাহর আইন ও বিধানের জ্ঞান আমরা কোন উপায়ে লাভ করতে পারি।
গ. সুন্দর চরিত্রের মানুষ কোন কাজগুলো করে?
ঘ. কোন সময়কে 'আইয়ামে জাহেলিয়া' বলা হয় ৫টি বাক্যে ব্যাখ্যা কর।
ঙ. সূরা কাফিরুন-এর বাংলা অর্থ লিখ।
চ. আখিরাত জীবনের গুরুত্বপূর্ণ বিষয়গুলো কী কী?
ছ. আমরা কোন কোন মন্দ আচরণ থেকে দূরে থাকব?
জ. সততা ও সত্যবাদিতা কীভাবে মানুষকে মুক্তি দেয় ৫টি বাক্যে ব্যাখ্যা কর।
ঝ. পিতামাতার প্রতি আমাদের দায়িত্ব ও কর্তব্য কী?
ঞ. শান্তি সংঘের উদ্দেশ্যগুলো লিখ।

## উত্তরমালা

১। ১. গ; ২. খ; ৩. খ; ৪. খ; ৫. ক; ৬. ঘ; ৭. গ; ৮. খ; ৯. খ; ১০. ঘ; ১১. গ; ১২. গ; ১৩. ঘ; ১৪. খ; ১৫. গ; ১৬. ক; ১৭. ঘ; ১৮. খ; ১৯. ক; ২০. ঘ; ২১. ঘ; ২২. গ; ২৩. খ; ২৪. গ; ২৫. খ; ২৬. খ; ২৭. ঘ; ২৮. ক; ২৯. খ; ৩০. ঘ; ৩১. খ; ৩২. ক; ৩৩. খ; ৩৪. গ; ৩৫. গ; ৩৬. ক; ৩৭. ঘ; ৩৮. খ; ৩৯. গ; ৪০. ঘ।

২। ক) ফল খ) অস্তিত্বের গ) তিনটি ঘ) ইসলাম ঙ) পাক-পবিত্র চ) আনুগত্য ছ) আত্মরক্ষার জ) নৈতিক ঝ) ر ঞ) দেশত্যাগ।

৩। ক. 'রব' শব্দের অর্থ প্রতিপালক।
খ. আমরা একমাত্র মহান আল্লাহর আনুগত্য করব।
গ. হজের ফরজ ৩টি।
ঘ. জেরুজালেমে মসজিদে আকসা অবস্থিত।
ঙ. সিয়াম হলো সাওমের বহুবচন।
চ. হযরত উমর (রা) ইসলামের দ্বিতীয় খলিফা
ছ. আরবি হরফ উচ্চারণের স্থানকে বলে মাখরাজ।
জ. গুন্নাহর হরফ ২টি।
ঝ. সূরা মাউনের আয়াত সংখ্যা ৭টি।
ঞ. হযরত আদম (আ) পৃথিবীর প্রথম মানব।

http://teachingbd.com